**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 01-04-2026** **Time:- 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১) সুপ্রিম কোর্ট, রাজ্যে SIR-এ অ্যাডজুডিকেশনে বাদ যাওয়া ভোটদাতাদের নামের বিষয় বিবেচনা করার জন্য গঠিত আপিল ট্রাইব্যুনালের কাজ, আজ'ই শুরু করার নির্দেশ দিয়েছে।

২/ আসন্ন বিধানসভা নির্বাচনের আগে কলকাতা উত্তর নির্বাচনী জেলার কর্তারা আজ বিকেলে এক গুরুত্বপূর্ণ সমন্বয় বৈঠকে বসছেন।

৩/ প্রবীণ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, আজ কলকাতায় আসছেন। # আগামীকাল তিনি ভবানীপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মনোনয়ন জমা দেওয়ার সময় উপস্থিত থাকবেন।

৪/ দেশজুড়ে আজ জনগণনার কাজ শুরু হলেও, পশ্চিমবঙ্গে এসংক্রান্ত বিজ্ঞপ্তি এখনো জারি হয়নি।

৫/ ৬০০ কোটির টাকার সাইবার প্রতারণা মামলায় ধৃত শিল্পপতি পবন রুইয়াকে আজ বিধাননগর ACJM আদালতে তোলা হচ্ছে। #আর্থিক প্রতারণা মামলায় ইডি, আজ ভোর থেকে কলকাতার বালিগঞ্জের দু'জায়গায় তল্লাশী চালাচ্ছে।

৬/ পশ্চিম এশিয়ায় সংঘাতের আবহে, দেশে বাণিজ্যিক LPG গ্যাস সিলিন্ডারের দাম বৃদ্ধি করা হয়েছে।

*********************************************************************

সুপ্রিম কোর্ট, পশ্চিমবঙ্গে SIR-এ অ্যাডজুডিকেশনে বাদ যাওয়া ভোটদাতাদের নামের বিষয় বিবেচনা করার জন্য গঠিত আপিল ট্রাইব্যুনালের কাজ, আজ'ই শুরু করার নির্দেশ দিয়েছে।

প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ, আজ এই নির্দেশ দিয়ে বলেন, ট্রাইব্যুনালের বিচারপতিদের প্রাথমিক প্রশিক্ষণের কাজ, নির্বাচন কমিশনকে আজ'ই সম্পন্ন করতে হবে।

কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি ইনস্টিটিউটে ১৯ টি আপিলেট ট্রাইব্যুনালের বেঞ্চ বসবে। নির্বাচন কমিশন, রাজ্য ও বিচারবিভাগীয় আধিকারিকরা, বিভিন্ন জায়গা পরিদর্শনের পর এই স্থান মনোনীত করেছেন। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের এই দপ্তরে কাজের জন্য আপাতত ৮ সপ্তাহের অনুমতি নিয়েছে নির্বাচন কমিশন।

শীর্ষ আদালতে আজ মামলার শুনানিতে রাজ্য সরকার ও মামলাকারী মোস্তারি বানুর আইনজীবী, কয়েক লক্ষ প্রকৃত ভোটদাতা আদৌ তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারবেন কিনা, তা' নিয়ে

সংশয় ব্যক্ত করেন। বিচারপতি জয়মাল্য বাগচি ফের নির্বাচন কমিশনের উদ্দেশে বলেন, কোন অযোগ্য ভোটারের নাম তালিকাভুক্ত হওয়া এবং তিনি ভোটদান করুন সেটা যেমন কাম্য নয়, একইভাবে প্রকৃত যোগ্য ভোটার তার অধিকার হারান, সেটাও আদালতের কাছে অনভিপ্রেত।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল গতকাল শীর্ষ আদালতে চিঠি দিয়ে জানান, এখন পর্যন্ত ৪৭ লক্ষ নামের নিস্পত্তি হয়ে গেছে। প্রতিদিন'ই আরো প্রায় ২ লক্ষ নামের নিস্পত্তি করা হচ্ছে। ৭'ই এপ্রিলের মধ্যে এডজুডিকেশনের কাজ সম্পন্ন হয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। শীর্ষ আদালতের প্রধান বিচারপতির বেঞ্চে আগামী ৬'ই এপ্রিল মামলার পরবর্তী শুনানি।

***********************************************************************

মালদার ইংরেজবাজারের অমৃতির বানিয়া গ্রামে SIR প্রক্রিয়ায় ভোটার তালিকা থেকে নাম 'ডিলিটেড' হওয়ার প্রতিবাদে, আজ তুমুল উত্তেজনা দেখা দেয়। অমৃতি গ্রাম পঞ্চায়েতের পাঁচটি গ্রামের বাসিন্দারা রাস্তা অবরোধ করে বিক্ষোভে সামিল হন। পরিস্থিতি সামাল দিতে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

উল্লেখ্য, নাম বাদ পড়া নিয়ে বিভিন্ন জেলাতেই এই ধরণের বিক্ষোভ চলেছে।

***********************************************************************

ফর্ম ৬ জমা দেওয়াকে কেন্দ্র করে ওঠা অভিযোগ ও বিতর্কের প্রসঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর অবস্থান স্পষ্ট করেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতসন্ধ্যায় এক সাংবাদিক বৈঠকে জানান, সরকারি অফিসে যে কোনও ব্যক্তি ইচ্ছামতো সংখ্যায় নথি জমা দিতে পারেন—তার উপর কোনও বিধিনিষেধ নেই। তিনি আরো বলেছেন, ফর্ম ৬ জমা দেওয়ার প্রক্রিয়া এখন সারা বছর ধরে চলে। আগে বছরে নির্দিষ্ট কয়েকটি সময়ে এই ফর্ম জমা দেওয়া যেত, কিন্তু সংশোধিত নিয়ম অনুযায়ী এখন যে কোনও দিন আবেদন করা যায়। তবে নির্বাচনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ শর্ত রয়েছে—মনোনয়ন জমার শেষ দিনের ১০ দিন আগে পর্যন্ত যে ফর্ম জমা পড়বে এবং নিস্পত্তি হবে, শুধুমাত্র সেগুলিই সংশ্লিষ্ট নির্বাচনের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে পারে।

( বাইট- মনোজ কুমার )

একইসঙ্গে মুখ্য নির্বাচনী আধিকারিক স্পষ্ট করে দিয়েছেন, তাঁদের দফতরে এমন কোনও সফটওয়্যার বা ক্ষমতা নেই, যার মাধ্যমে সরাসরি কোনও ভোটারের নাম তালিকায় যুক্ত বা বাদ দেওয়া যায়।

***********************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে কলকাতা উত্তর নির্বাচনী জেলার কর্তারা আজ বিকেলে এক গুরুত্বপূর্ণ সমন্বয় বৈঠকে বসছেন। এসপ্ল্যানেডের টাউন হলে ওই বৈঠকে উপস্থিত থাকার জন্য কলকাতা পুলিশের

কমিশনার, সিআরপিএফের নোডাল আধিকারিক, আয়কর দপ্তর, আবগারি দপ্তর, রিজার্ভ ব্যাঙ্ক এবং ডিএলবিসি-র প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হয়েছে।

জেলা নির্বাচন আধিকারিক ও কলকাতা পুরসভার তরফে জানানো হয়েছে, কলকাতা উত্তরের সমস্ত বিধানসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার, পুলিশ ও সিভিল সেক্টর অফিসাররাও উপস্থিত থাকবেন। উত্তর কলকাতার বিভিন্ন থানার ওসি এবং ডেপুটি কমিশনার স্তরের আধিকারিকদের উপস্থিতিও বাধ্যতামূলক।

প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, নির্বাচনী নিরাপত্তা, লজিস্টিক ব্যবস্থা, নজরদারি এবং বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয়—এই সংক্রান্ত বিষয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হবে।

*********************************************************************

প্রবীণ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, আজ কলকাতায় আসছেন।
আগামীকাল তিনি ভবানীপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মনোনয়ন জমা দেওয়ার সময় উপস্থিত থাকবেন বলে দলীয় সূত্রে জানা গেছে। বেলা ১২'টা নাগাদ তিনি এই উপলক্ষ্যে হাজরা মোড় থেকে ভবানীপুরের সার্ভে বিল্ডিং পর্যন্ত এক রোড শো-এ অংশ নেবেন। আগামীকাল দুপুরে'ই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

*********************************************************************

নির্বাচনী প্রচারে অংশ নিতে শহরে এলেছেন, AI-MIM প্রধান আসাউদ্দিন ওয়াইসি।
আজ সকালে দিল্লি থেকে কলকাতা আসেন তিনি। এদিন দুপুরে তিনি মুর্শিদাবাদে নির্বাচনী প্রচারে যোগ দেবেন। সেখানে তার সাথে থাকবেন আম জনতা উন্নয়ন পার্টির প্রধান হুমায়ুন কবীরও।
এদিন কলকাতা বিমানবন্দরে শ্রী ওয়াইসি, রাজ্যের মুখ্যমন্ত্রীর, জ্ঞানেশ কুমারকে নিয়ে করা মন্তব্য প্রসঙ্গে জানান, তাঁরা SIR-এর বিরুদ্ধে। তাঁদের পিটিশন এখনো সুপ্রিম কোর্টে বিবেচনাধীন।

*********************************************************************

রাজ্য বিধানসভা নির্বাচনে প্রথম দফা ভোটের জন্য মনোনয়নপত্র দাখিলের কাজ চলেছে। **বাঁকুড়া** জেলায় আজ প্রথম মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ শুরু হল। বাঁকুড়া বিধানসভার তৃণমূল কংগ্রেস প্রার্থী ডাঃ অনুপ মণ্ডল, সদর মহকুমা শাসকের দপ্তরে, ওই দলের'ই ছাতনা বিধানসভার প্রার্থী স্বপন কুমার মণ্ডল, জেলাশাসকের দপ্তরে ও শালতোড়া বিধানসভার প্রার্থী উত্তম বাউড়ি, মাইনরিটি ভবনে মনোনয়ন জমা দেন।

আগামী ৬'ই এপ্রিল পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে। পরের দিন মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৯'ই এপ্রিল।
ভোট নেওয়া হবে ২৩শে এপ্রিল।

উল্লেখ্য, এই জেলায় ১২ টি বিধানসভা কেন্দ্র রয়েছে।

*****************************************************************

ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার ও ক্রমশ জমে উঠছে।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মুর্শিদাবাদ জেলায় নবগ্রাম ও বড়ঞা-য় নির্বাচনী প্রচারে অংশ নেবেন। বড়ঞার ডাকবাংলো কিসান মান্ডি সংলগ্ন ময়দানে, তিনি তৃণমূল প্রার্থীর সমর্থনে সভা করবেন। বিকেলে মুখ্যমন্ত্রীর নবগ্রামের ভোলাডাঙার মাঠে নির্বাচনী জনসভায় যোগ দেওয়ার কথা।

পুরুলিয়ায় আজ তৃণমূল কংগ্রেসের হয়ে প্রচারে অংশ নেবেন, সাংসদ দীপক অধিকারী, অভিনেতা **দেব**। তিনি বান্দোয়ান ও বলরামপুর বিধানসভা এলাকায় রোড শো করবেন।

এদিকে পুরুলিয়ার একাধিক বিজেপি প্রার্থী আজ নিজেদের মহকুমা শাসকের দফতরে মনোনয়ন দাখিল করবেন।

*****************************************************************

বিধানসভা নির্বাচন ক্রমশ এগিয়ে আসছে। এর প্রেক্ষিতে রাজ্যের অন্যান্য জেলার সংগে **পশ্চিম বর্ধমান** জেলাতেও শুরু হয়ে গিয়েছে নির্বাচনী প্রক্রিয়া।

এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

*****************************************************************

দেশজুড়ে আজ জনগণনার কাজ শুরু হলেও, পশ্চিমবঙ্গে এসংক্রান্ত বিজ্ঞপ্তি এখনো জারি হয়নি বলে ভারতের রেজিস্ট্রার জেনারেল মৃত্যুঞ্জয় কুমার নারায়ণ জানিয়েছেন।

তবে একইসঙ্গে এ'ও বলেছেন, প্রথম পর্যায়ে যেহেতু ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত এই প্রক্রিয়া চলবে, তাই এরাজ্য খুব শীঘ্রই এসংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করবে বলে আশা করা যায়। যেহেতু এই প্রক্রিয়ায় আইনি বাধ্যবাধকতা রয়েছে, তাই দেরীতে হলেও রাজ্যকে এই জনগণনায় অংশ নিতেই হবে বলেও মৃত্যুঞ্জয় কুমার জানিয়েছেন।

উল্লেখ্য, দুটি পর্যায়ে এই গণনার কাজ চলবে। সরকার প্রথম পর্যায়ের জন্য ৩৩ টি প্রশ্নের তালিকা প্রকাশ করেছে। রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলগুলির নির্ধারিত সময়সূচি অনুসারে গণনার প্রথম পর্ব চলবে ৩০-শে সেপ্টেম্বর পর্যন্ত। এর মধ্যে self enumeration বা নিজের সম্পর্কে তথ্য জানানোর কাজ চালানো হবে, ১৫'ই এপ্রিল পর্যন্ত। self enumeration পোর্টালের নির্দেশিকা দেশের ১৬ টি ভাষায় দেওয়া হবে। ১৬'ই এপ্রিল থেকে ১৫'ই মে পর্যন্ত হবে, বাড়ি বাড়ি গিয়ে গণনা ও বাড়ির তালিকা তৈরির কাজ। জনগণনার দ্বিতীয় পর্বে হবে **জাতিগত গণনা** । তা' শুরু হবে আগামী বছরের ফেব্রুয়ারী মাসে।

*****************************************************************

৬০০ কোটির টাকার সাইবার প্রতারণা মামলায় ধৃত শিল্পপতি পবন রুইয়াকে আজ বিধাননগর ACJM আদালতে তোলা হচ্ছে। ইতমধ্যেই তাঁকে সেখানে নিয়ে যাওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ পুলিশের সাইবার অপরাধ দমন শাখা, গতকাল নিউ টাউনের একটি হোটেলের সামনে থেকে তাঁকে গ্রেফতার করে। ২০২৪ সালে বিধাননগরের ইকো পার্ক থানায় স্বপন কুমার মণ্ডল নামে এক ব্যক্তির দায়ের করা অভিযোগের ভিত্তিতেই এই পদক্ষেপ বলে পুলিশ সূত্রে খবর।

উল্লেখ্য, শিল্পপতি পবন কুমার রুইয়া ও রাঘব কুমার রুইয়ার বিরুদ্ধে পুলিশ ৩১৫ কোটি টাকার সাইবার দুর্নীতির অভিযোগে দুটি স্বতঃপ্রণোদিত FIR দায়ের করেছিল।

*********************************************************************

আর্থিক প্রতারণা মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, আজ ভোর থেকেই কলকাতার বালিগঞ্জের দু'জায়গায় তল্লাশী চালাচ্ছে। সঙ্গে আছে কেন্দ্রীয় বাহিনী।

বালিগঞ্জের ফার্ন রোডে আজ সকাল প্রায় সাড়ে ছটা নাগাদ সোনা পাপ্পু ওরফে বিশ্বজিৎ পোদ্দারের বাড়ি এবং অশ্বিনী দত্ত রোডে এক নির্মাণ ব্যাবসায়ীর অফিসে তল্লাশী চালানো হচ্ছে। তল্লাশি এখনো চলছে।

*********************************************************************

পশ্চিম এশিয়ায় সংঘাতের আবহে, তেল বিপণন সংস্থাগুলি, দেশে বাণিজ্যিক LPG গ্যাস সিলিন্ডারের দাম বৃদ্ধি করেছে। প্রতি সিলিন্ডারে এই বৃদ্ধি হয়েছে ৯৫ টাকা ৫০ পয়সা। গত মধ্যরাত থেকেই এই বর্ধিত দাম কার্যকর হয়েছে।

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন সূত্রে জানা গেছে, কলকাতায় ১৯ কেজি বাণিজ্যিক LPG সিলিন্ডারের দাম বেড়ে হয়েছে দু'হাজার দুশো ৮ টাকা।

দিল্লিতে বর্ধিত দাম, ২'হাজার ৭৮ টাকা ৫০ পয়সা, মুম্বাইতে তা' ২'হাজার ৩১ টাকা এবং চেন্নাইতে ২'হাজার ২৪৬ টাকা ৫০ পয়সা।

তবে, গৃহস্থলির রান্নার গ্যাসের দাম ৯৩৯ টাকাতেই 'অপরিবর্তিত' রয়েছে।

*********************************************************************